

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৯, ২০১৮

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৪ শ্রাবণ, ১৪২৫/২৯ জুলাই, ২০১৮

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৪ শ্রাবণ, ১৪২৫ মোতাবেক ২৯ জুলাই, ২০১৮ তারিখে
রাষ্ট্রপতির সমত্ত্বাত্ত করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১৮ সনের ২৫ নং আইন

Bangladesh Industrial Enterprises (Nationalization) Order, 1972 রহিতক্রমে পুনঃপ্রগয়নের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু Bangladesh Industrial Enterprises (Nationalization) Order, 1972
(P.O.No. 27 of 1972) রহিতক্রমে পুনঃপ্রগয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বাংলাদেশ শিল্প প্রতিষ্ঠান জাতীয়করণ
আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) এই আইন অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—

(১) “কর্পোরেশন” অর্থ ধারা ৩ এ বর্ণিত কোনো কর্পোরেশন;

(২) “কোম্পানি আইন” অর্থ কোম্পানি আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৮ নং আইন);

(৩) “চেয়ারম্যান” অর্থ কর্পোরেশনের চেয়ারম্যান;

(৯২৩৫)
মূল্য : টাকা ২০.০০